ফাতওয়া নাম্বার:৩২৯ প্রকাশকালঃ২৬-০১-২০২৩ ইং

নারীদের জামাআত ও ইমামতির বিধান কী?

প্রশ্নঃ

নারীরা কি নারীদের ইমামতি করতে পারবে? এই বিষয়ে বিস্তারিত জানানোর অনুরোধ রইল।

প্রশ্নকারী- মুহাম্মাদ আতিক

উত্তরঃ

নারীদের জন্য জামাআত না করে একাকী এবং খাস কুঠুরিতে নামায পড়া উত্তম।

عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم قال: "صلاة المرأة في بيتها أفضل من صلاتها في حجرتها، وصلاتها في مخدعها أفضل من صلاتها في بيتها. سنن أبي داوود: 570

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, নারীর জন্য অভ্যন্তরীণ কামরায় নামায পড়া; উন্মুক্ত কামরায় নামায পড়া অপেক্ষা উত্তম। আর খাস কুঠুরিতে নামায পড়া; অভ্যন্তরীণ কামরায় নামায পড়া অপেক্ষা উত্তম।" -সুনানে আবু দাউদ: ৫৭০

পক্ষান্তরে নারীদের জামাআত এবং ইমামতি মাকরূহ, তবে নামায সহীহ হয়ে যাবে। নারীর ইমামতিতে নারীরা জামাআত করলে ইমাম সামনে না দাঁড়িয়ে মুক্তাদিদের সাথে কাতারের মাঝে দাঁড়াতে হবে। -কিতাবুল আসার: ১/৬০৩; আরও দেখুন: আত-তাজরীদ, কুদুরী: ২/৮৬২; শরহু মুখতাসারিত তহাভী: ২/৬৮; ফাতহুল কাদির: ১/৩৫৪; আল মাবসুত: ১/১৮৭; ফাতওয়ায়ে শামী: ১/৫৬৫; আল-বাহরুর রায়েক: ১/৩৭২ ইলাউস সুনান: ৩/১৩০০

فقط والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০৫-১৪৪৪ হি.

০২-১১-২০২২ ঈ.